# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

**BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION**

BCIC BHABAN, 30-31 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH
PHONE-PABX: 9562140-4, FAX: 880-2-9564120; Web: www.bcic.gov.bd


মুজিব বর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

সূত্র নং-৩৬.০১.০০০০.১২৬.১১.৪০১.২২/১৪৮

তারিখ : ১১ মে, ২০২২ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন-এর নিয়ন্ত্রণাধীন কারখানাসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শূন্যপদ সমূহে উপযুক্ত প্রার্থীদেরকে অন-লাইনে আবেদন ফরম পূরণ করার আহবান করা হচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড | বেতন স্কেল | বয়স সীমা (বছর) | আবেদনের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১। | মহাব্যবস্থাপক (অপারেশন) | ০৩ | ৩য় | ৫৬৫০০-৭৪৪০০/- | ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | ১৫ বৎসরের অভিজ্ঞতাসহ কেমিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ২০ বৎসরের অভিজ্ঞতাসহ কেমিক্যাল বিষয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। অথবা ১৫ বৎসরের অভিজ্ঞতাসহ রসায়নে স্নাতকোত্তর অথবা ২০ বছরের অভিজ্ঞতাসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| ০২। | অতিরিক্ত প্রধান রসায়নবিদ | ০৮ | ৪র্থ | ৫০০০০-৭১২০০/- | ৪০ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | ১২ বৎসরের অভিজ্ঞতাসহ রসায়নে স্নাতকোত্তর অথবা ১৭ বছরের অভিজ্ঞতাসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| ০৩। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রসায়ন) | ০৮ | ৪র্থ | ৫০০০০-৭১২০০/- | ঐ | ১২ বৎসরের অভিজ্ঞতাসহ কেমিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতাসহ কেমিক্যাল বিষয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ০৪। | উপ-প্রধান রসায়নবিদ | ০৪ | ৫ম | ৪৩০০০-৬৯৮৫০/- | ৩৭ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৪২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | ০৮ বৎসরের অভিজ্ঞতাসহ রসায়নে স্নাতকোত্তর অথবা ১২ বছরের অভিজ্ঞতাসহ বিএসসি ডিগ্রী। |
| ০৫। | উপ-প্রধান প্রকৌশলী (রসায়ন) | ০৪ | ৫ম | ৪৩০০০-৬৯৮৫০/- | ঐ | ০৮ বৎসরের অভিজ্ঞতাসহ কেমিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতাসহ কেমিক্যাল বিষয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ০৬। | রসায়নবিদ | ১৫ | ৬ষ্ঠ | ৩৫৫০০-৬৭০১০/- | ৩২ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | ০৫ বৎসরের অভিজ্ঞতাসহ রসায়নে স্নাতকোত্তর অথবা ১০ বছরের অভিজ্ঞতাসহ বিএসসি ডিগ্রী। |
| ০৭। | নির্বাহী প্রকৌশলী (রসায়ন) | ১৫ | ৬ষ্ঠ | ৩৫৫০০-৬৭০১০/- | ঐ | ০৫ বৎসরের অভিজ্ঞতাসহ কেমিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ১০ বৎসরের অভিজ্ঞতাসহ কেমিক্যাল বিষয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |

বিশেষ দ্রষ্টব্যঃ বর্ণিত পদগুলোতে আবেদনের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

**শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ :**

শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ খ্রি. তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে নিম্নরূপভাবে :

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|
| ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/ বিভাগ |
| ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | দ্বিতীয় শ্রেণি/ বিভাগ |
| ১.০০ বা তদূর্ধ্ব কিন্তু ২.০০ এর কম | তৃতীয় শ্রেণি/ বিভাগ |

শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ খ্রি. তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে নিম্নরূপভাবে :

| অর্জিত সিজিপিএ | | |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য শ্রেণি/বিভাগ |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/ বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/ বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/ বিভাগ |

**অনলাইনে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তগুলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় :**

১. আগামী ১৯ মে, ২০২২ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকা থেকে অনলাইনে নিয়মাবলী অনুসরণ করে আবেদন ফরম পূরণ করা যাবে। নিয়মাবলী অনুসরণ করে পরীক্ষার ফি বাবদ ১০০০ (এক হাজার) টাকা SMS এর মাধ্যমে পাঠাতে হবে। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি ও নিয়মাবলী বিসিআইসি'র নিজস্ব ওয়েব সাইট www.bcic.gov.bd এবং http://bcic.teletalk.com.bd এ পাওয়া যাবে। অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ০৭ জুন, ২০২২ খ্রি. তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।

২. ১৯ মে, ২০২২ খ্রিঃ তারিখে ১ হতে ৭ নং ক্রমিকের পদের জন্য ৬ নং কলামে উল্লেখিত বয়সসীমা প্রযোজ্য হবে। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমান সনদের জন্মতারিখ গণ্য করা হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চাকুরীতে প্রথম যোগদান পর্যন্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪. নিয়োগের ক্ষেত্রে বিসিআইসি প্রবিধানমালা এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করা হবে।

৫. যদি কোন প্রার্থী বিদেশী নাগরিক বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন, সেক্ষেত্রে তার আবেদন করার প্রয়োজন নেই।

৬. এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বিসিআইসি'র নিজস্ব ওয়েব সাইট www.bcic.gov.bd-এ পাওয়া যাবে। আবেদনের সময় হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষার ফলাফল, মৌখিক পরীক্ষার সিডিউল, চূড়ান্ত ফলাফল, নিয়োগপত্র সহ সকল তথ্য www.bcic.gov.bd-এ প্রকাশ করা হবে।

**লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য করণীয় :**

০৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ১০ কর্মদিবসের মধ্যে নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ, বিসিআইসি, বিসিআইসি ভবন (৬ষ্ঠ তলা), ৩০-৩১, দিলকুশা বা/এলাকা, ঢাকা-১০০০ বরাবরে সরাসরি/রেজিস্টার্ড ডাকযোগে নিম্নোক্ত কাগজপত্র ও সনদসমূহ ২ (দুই) সেট জমা দিতে হবে। খামের উপরে ও আবেদনপত্রে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সরকার কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরম এর অনুরূপ তথ্য ফরম পূরণ করে এর সাথে (ক) অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের Applicant Copy-এর প্রিন্ট কপি (খ) প্রবেশপত্র (গ) আবেদনে উল্লিখিত সকল সনদ/কাগজাদি (ঘ) সদ্যতোলা চার কপি পাসপোর্ট সাইজের ছবি (ঙ) নিজ জেলার পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র অথবা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (চ) চারিত্রিক সনদপত্র ও (ছ) অভিজ্ঞতার সনদ জমা দিতে হবে। ছবিসহ সকল ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৮. যে সকল প্রার্থী বিদেশ হতে ইঞ্জিনিয়ারিং/স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রযোজ্য ক্ষেত্রে যে কোন ডিগ্রি অর্জন করেছেন তাদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় হতে ইকুইভ্যালেন্স সংক্রান্ত যথাযথ প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করতে হবে।

০৯. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নো অবজেকশন সার্টিফিকেট (এনওসি)/অনাপত্তি পত্র দাখিল করতে হবে। এতদভিন্ন পূর্বের চাকুরীস্থলের আপত্তি পাওয়া গেলে প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০. চূড়ান্তভাবে নির্বাচিত এবং নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের পোস্টিংকৃত কর্মস্থলে ন্যূনতম ০৩ (তিন) বছর চাকুরী করতে হবে।

১১. চূড়ান্ত মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে কোন সময়ে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, পুলিশ ভেরিফিকেশন-এ বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে, স্বাস্থ্যগত অযোগ্যতার প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বিসিআইসি প্রবিধানমালা ৫৪ (২) অনুযায়ী বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২. যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন যে কোন পর্যায়ে চাকুরীতে আবেদনকারীর প্রার্থিতা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. কর্তৃপক্ষ নিয়োগের যেকোন পর্যায়ে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১/০৫/২০২২

(করিমুন্নিসা)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
চিফ অব পার্সোনেল এর পক্ষে।

বিসিআইসি-৪৪৮, তাং- ১১.৫.২২

পিএফ-২৬৭-৮১১/২২ (১৫"×৪)